

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬৬৭

পর্ব - েঃ সিয়াম (كتاب الصيام)

পরিচ্ছেদঃ সাওম পালনকারীর শিঙ্গা লাগানোর বিধান

### আরবী

وَعَنْ أَنَسِ بْنِ مَالِكٍ \_ رضي الله عنه \_ قَالَ: أَوَّلُ مَا كُرِهَتِ الْحِجَامَةُ لِلصَّائِمِ; أَنَّ جَعْفَرَ بْنَ أَبِي طَالِبٍ اِحْتَجَمَ وَهُوَ صَائِمٌ, فَمَرَّ بِهِ النَّبِيُّ \_ صلى الله عليه وسلم \_ فَقَالَ: «أَفْطَرَ هَذَانِ» , ثُمَّ رَخَّصَ النَّبِيُّ \_ صلى الله عليه وسلم \_ بَعْدُ فِي الْحِجَامَةِ لِلصَّائِمِ, وَكَانَ أَنَسُ يَحْتَجِمُ وَهُوَ صَائِمٌ. رَوَاهُ الدَّارَقُطْنِيُّ وَقَوَّاهُ

منكر. رواه الدارقطني (2/ 182 / 7) وقال: «كلهم ثقات، ولا أعلم له علة». قلت: وفي الأصل ذكرت جماعة ممن أنكروا الحديث أحدهم الحافظ نفسه

#### বাংলা

৬৬৭. আনাস বিন মালিক থেকে বর্ণিত। তিনি বলেন, প্রথম দিকে সিঙ্গা লাগান মাকর হবার কারণ ছিল, জাফার বিন আবূ তালিব সওমের অবস্থায় সিঙ্গা লাগিয়েছিলেন আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নিকট দিয়ে যাচ্ছিলেন, তিনি বললেন-এরা দুজনেই সওম ভঙ্গ করে ফেলেছে। তারপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সায়িমকে সিঙ্গা লাগানোর ব্যাপারে অবকাশ দিয়েছেন। ফলে আনাস (রাঃ) সায়িম অবস্থায় সিঙ্গা লাগাতেন।

--দারাকুৎনী একে কাবি (মজবুত) সানাদ হিসেবে সাব্যস্ত করেছেন।[1]

# **English**

Anas (RAA) narrated, 'The first time cupping was dis-liked for the one who is fasting was when Ja'far bin Abi Talib had himself cupped while fasting and the Messenger of Allah () came across him and said, "Those two have



broken their fast (meaning Ja'far and the man who was cupping him.)" But later on the Prophet allowed cupping for the one who is fasting. Anas used to have himself cupped while he was fasting. Related by Ad-Daraqutni, who regarded it as a strong hadith.

## ফুটনোট

[1] ইমাম যাহাবী তানকীহুত তাহকীক ১/৩৮২ গ্রন্থে বলেন, খালেদ নামে এতে একজন বর্ণনাকারী আছে যাকে ইমাম আহমাদ মুনকার বর্ণনাকারীদের মধ্যে গণ্য করেছেন। আরও রয়েছে আবদুল্লাহ ইবনুল মুসান্না যাকে ইমাম আবূ দাউদ দুর্বল বলেছেন। তথাপিও ইমাম বুখারী এ দুজনের বর্ণিত হাদীসকে দলীল হিসেবে গ্রহণ করেছেন। আলবানী ইরওয়াউল গলীল (৪/৭২) গ্রন্থে বলেছেন, সে বিশ্বস্ত রাবী।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন